

আগের ক্লাসে 'বচন'-এর প্রথমাংশ তোমরা জেনেছিলে, আজ আমরা বচনের শেষাংশ পর্বো।

তোমাদের ব্যাকরণ বই 'ভাষা মুকুল'-এর অষ্টম অধ্যায় 'বচন', পৃষ্ঠাসংখ্যা ৩৭।

আমরা জেনেছি বচন দুই প্রকার, একবচন এবং বহুবচন, এখন আমাদের জানতে হবে একবচন এবং বহুবচন চেনার উপায়গুলি।

➤ **একবচন চেনার উপায় গুলি হল:**

শব্দের সঙ্গে কিছু যোগ থাকবেনা। যেমন- বল, পেন ইত্যাদি।

শব্দের সঙ্গে টি, টা, থানি ইত্যাদি যোগ থাকবে। যেমন- বলটি, পেনটি ইত্যাদি।

শব্দের আগে এক সংখ্যাটি বসিয়ে। যেমন- একটি বল, একটি পেন ইত্যাদি।

➤ **বহুবচন চেনার উপায় গুলি হল:**

শব্দের সঙ্গে গুলি, গুলো ইত্যাদি যোগ করে। যেমন- পেন গুলি, বল গুলি ইত্যাদি।

শব্দের আগে দুই বা তার বেশি সংখ্যা উল্লেখ করে। যেমন- দুটি পেন, চারটি বল ইত্যাদি।

বিশেষ্য, বিশেষণ, সর্বনাম ও ক্রিয়া পদের দু-বার ব্যবহার করে। যেমন- পাকা পাকা আম, যারা যারা আসবে ইত্যাদি।

তোমরা উপরের অংশটি পড়ার পর তোমাদের ব্যাকরণ বইয়ের ৩৮ পাতায় একবচন ও বহুবচনের যে উদাহরণগুলি দেওয়া আছে সেগুলি মুখস্থ করে ব্যাকরণ খাতায় লিখবে।